

সপ্তম অধ্যায়: গৌতম বুদ্ধের শ্রাবকশিষ্য ও গৃহীশিষ্য

প্রশ্ন-ক. শ্রাবকশিষ্য কাকে বলে? [প্রা.শি.স.প. ২০১৪]

উত্তর: যিনি প্রবীণ ও মার্গফললাভী তাঁকে শ্রাবকশিষ্য বলা হয়।

প্রশ্ন-খ. বুদ্ধের প্রধান সেবক কে ছিলেন? [প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: বুদ্ধের প্রধান সেবক ছিলেন আনন্দ।

প্রশ্ন-গ. পূর্ণিকা কোন বুদ্ধের সময় সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন?

[প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: বিপস্‌সী বুদ্ধের সময় পূর্ণিকা এক সম্ভ্রান্ত বংশে জন্মগ্রহণ করেন।

প্রশ্ন-ঘ. তোমরা থের বা থেরী হতে চাও। প্রকৃত থের বা থেরী কীভাবে হওয়া যায়?

উত্তর: সত্য, ন্যায়, সচ্চরিত্র অহিংসা, সংযম প্রভৃতি নিয়ম পালন করে প্রকৃত থের বা থেরী হওয়া যায়।

প্রশ্ন-ঙ. তুমি অর্হত্বফল লাভ করতে চাও। কীভাবে লাভ করবে?

উত্তর: বুদ্ধের ধর্মদেশনা শুন।

প্রশ্ন-চ. 'থের' শব্দের বাংলা অর্থ কি? [প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: পালি 'থের' শব্দের বাংলা অর্থ হচ্ছে স্থাবির।

প্রশ্ন-ছ. পূর্ণিকা কে ছিলেন? [প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: পূর্ণিকা ছিলেন একজন দাসীর কন্যা।

প্রশ্ন-জ. আনন্দ কে ছিলেন?

উত্তর: আনন্দ ছিলেন অমিতোদনের পুত্র এবং তিনি ছিলেন বুদ্ধের প্রধান সেবক।

প্রশ্ন-ঝ. রাজা বিম্বিসার কার কন্যাকে বিয়ে করেন? [প্রা.শি.স.প. ২০১৬]

উত্তর: রাজা বিম্বিসার মহাকোশলের কন্যাকে বিয়ে করেন।

প্রশ্ন-ঞ. জীবক কে ছিলেন?

উত্তর: জীবক বুদ্ধের স্থায়ী চিকিৎসক এবং রাজবৈদ্য।